

প্রেস বিজ্ঞপ্তি

হংকং, ২৮ ডিসেম্বর ২০২২

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, হংকং এ হংকংস্থ প্রবাসী বাংলাদেশীদের সাথে কনস্যুলার সেবা শীর্ষক মতবিনিময় সভা অনুষ্ঠিত

অদ্য ২৮ ডিসেম্বর ২০২২ ইং তারিখে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, হংকং এ হংকংস্থ প্রবাসী বাংলাদেশীদের সাথে 'কনস্যুলার সেবা' শীর্ষক একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। কনস্যুলেটের কনসাল জেনারেল মো: কামরুল হাসান-এর সঞ্চালনায় সভায় কনসাল জেনারেল মিজ ইসরাত আরা, কনস্যুলেটের কর্মকর্তা ও কর্মচারীগণ, বাংলাদেশ এসোসিয়েশন অব হংকং এর নেতৃবৃন্দ, হংকংস্থ বিভিন্ন সংগঠন ও বিভিন্ন শ্রেণী পেশার ব্যক্তিবর্গসহ প্রবাসী বাংলাদেশীগণ উপস্থিত ছিলেন।

মত বিনিময় সভায় বাংলাদেশ কনস্যুলেট জেনারেল হংকং থেকে প্রদত্ত কনস্যুলার সেবা সমূহের সংক্ষিপ্ত পরিচিতি এবং সেবা প্রাপ্তির প্রক্রিয়াসমূহ তুলে ধরা হয়। একই সাথে কনস্যুলেট এর আইডেনটিকাল ওয়েবসাইট, ফেসবুক পেজ পরিচিতি ও myGov-এর মাধ্যমে প্রদত্ত সেবা সমূহের পরিচিতি তুলে ধরা হয়। সভায় সহজে কনস্যুলার সেবা প্রাপ্তির বিষয়ে প্রাণবন্ত আলোচনা হয়। উপস্থিত প্রবাসী বাংলাদেশীগণ সহজে লাশ পরিবহনে সরকারের সহযোগিতা, NVR প্রাপ্তিতে দেশে ভেরিফিকেশন দ্রুততম সময়ে করা, প্রবাসীদের database তৈরী/প্রবাসীদের একটি আলাদা NRB কার্ড এর মত পরিচয়পত্র প্রদানের মাধ্যমে সকল সুযোগ সুবিধা নিশ্চিত করা ইত্যাদি বিষয়ে তাদের পর্যবেক্ষণ ও পরামর্শ তুলে ধরেন। কনস্যুলেট-এর বর্তমান কনসাল জেনারেলসহ সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীকে তারা মত বিনিময় সভা আয়োজনের মাধ্যমে উন্মুক্ত আলোচনার সুযোগ করে দেয়ায় ধন্যবাদ জানান। মান্যবর কনসাল জেনারেল মিজ ইসরাত আরা তাঁর বক্তব্যে বলেন, বাংলাদেশ কনস্যুলেট জেনারেল হংকং সহজে এবং দ্রুততর সময়ের মধ্যে প্রবাসী বাংলাদেশীদের সেবা প্রদানে বদ্ধপরিকর। কনস্যুলার সেবা বিষয়ে এ ধরনের মতবিনিময় সভা ভবিষ্যতেও অব্যাহত থাকবে বলে তিনি জানান।

পরিশেষে মান্যবর কনসাল জেনারেল সভায় অংশগ্রহনকারী সকলকে কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

